



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং- ১০২৭/ক/অনু:/২০২১/১০৪

তারিখ: ১১/০৪/২০২১

জরুরী বিজ্ঞপ্তি

বিষয়ঃ শিক্ষা প্রতিষ্ঠানের জমি জরুরী ভিত্তিতে নামজারি ও জমাখারিজ সম্পাদন এবং নিজস্ব জমিতে প্রতিষ্ঠান স্থাপনাসহ তথ্যাদি হালনাগাদ করে সংরক্ষণ ও প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০২১.৩৭; তারিখ: ১১/০২/২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি পাওয়ার পরেও প্রতিষ্ঠানের নামীয় জমি এখনও নামজারি ও জমাখারিজ করা হয়নি। নামজারি ও জমাখারিজ না করার কারণে বিভিন্ন ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে এবং অনাকাঙ্ক্ষিত মামলার উদ্ভব হচ্ছে। অধিকন্তু নামজারি না হওয়ার কারণে কিছু অসাধু চক্র কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানের জমি বেহাত হওয়ার আশংকা থেকে যাচ্ছে। স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের জমির পরিমাণ, বিবরণ, খতিয়ান, নামজারি ও জমাখারিজ, ভূমি উন্নয়ন করের দাখিলা, জমির দলিল এবং বাস্তব দখলের কাগজপত্র হালনাগাদ করে একটি ফাইল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অফিসে সংরক্ষণ এবং একটি ফাইল নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অতিসত্বর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এছাড়া পাঠদানের অনুমতির প্রাথমিক শর্ত হিসেবে নিজস্ব জমিতে প্রতিষ্ঠান স্থাপনার নির্দেশনা থাকায় যে সকল শিক্ষা প্রতিষ্ঠান (উচ্চ মাধ্যমিক পর্যায়) নিজস্ব স্থাপনায় নেই সেসকল প্রতিষ্ঠানকে জরুরী ভিত্তিতে স্বল্পসময়ে নিজস্ব স্থাপনায় স্থানান্তরের নির্দেশনা দেয়া হলো। অন্যথায় পাঠদানের অনুমতি বাতিলসহ বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখিত বিষয়সমূহ পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে একটি পরিদর্শন টিম গঠন করা হয়েছে। উক্ত কমিটিকে পরিদর্শন এবং তদন্ত কাজে সংশ্লিষ্ট সকলকে সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি :

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নির্দেশনা পত্র।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১১.০৪.২০২১

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নম্বি নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০২১.৩৭


তারিখ: ২৮ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানের জমি জরুরিভিত্তিতে নামজারি ও জমাখারিজ সম্পাদনসহ তথ্যাদি হালনাগাদ করে সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি পাওয়ার পরেও প্রতিষ্ঠানের নামীয় জমি এখনও নামজারি ও জমাখারিজ করা হয়নি। নামজারি ও জমা খারিজ না করার কারণে বিভিন্ন ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে এবং অনাকাঙ্ক্ষিত মামলার উদ্ভব হচ্ছে। অধিকন্তু নামজারি না হওয়ার কারণে কিছু অসাধু চক্র কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানের জমি বেহাত হওয়ার আশংকা থেকে যাচ্ছে। স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের জমির পরিমাণ, বিবরণ, খতিয়ান, নামজারি ও জমা খারিজ, ভূমি উন্নয়ন করের দাখিলা, জমির দলিল এবং বাস্তব দখলের কাগজপত্র হালনাগাদ করে একটি ফাইল সংরক্ষণ করা প্রয়োজন।

০২. এমতাবস্থায়, শিক্ষা প্রতিষ্ঠানের জমি যাতে কোনক্রমেই বেহাত না হয় এবং ভবিষ্যতে জটিলতা এড়ানো যায় সে লক্ষ্যে জরুরিভিত্তিতে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের নামীয় জমি নামজারি ও জমাখারিজসহ হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধ করে একটি রেজিস্টারে তথ্যাদি সংরক্ষণের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে নির্দেশনা প্রদান করা হলো।

০৩. একইসাথে, শিক্ষা প্রতিষ্ঠানের ভূমি এবং অন্যান্য স্থাবর/অস্থাবর সম্পত্তির একটি সমন্বিত তালিকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ করার জন্য নির্দেশক্রমে অনুশাসন প্রদান করা হলো।


(মোমিনুর রশিদ আমিন)
অতিরিক্ত সচিব
ফোন: ৯৫৪০৯০৮

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় কমিশনার, ----- (সকল)।
২. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ----- (সকল)।
৪. জেলা প্রশাসক, ----- (সকল)।
৫. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- অঞ্চল (সকল)।
৯. উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল)।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- অঞ্চল (সকল)।
১২. জেলা শিক্ষা অফিসার, ----- (সকল)।
১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----- (সকল)।
১৪. অফিস কপি।